



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
শ্রম অধিদপ্তর
শিল্প সম্পর্ক শিক্ষায়তন, টঞ্জী, গাজীপুর।
www.iri.portal.gov.bd

নং-৪০.০২.০০০০.২০১.২৫.০০২.২৫.

তারিখ : ২৯/০৫/২০২৫খ্রি:

বিষয়: শ্রম আইন বিষয়ক “শ্রমিক শিক্ষা প্রশিক্ষণ” কোর্স আয়োজন প্রসঙ্গে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শ্রম অধিদপ্তরধীন শিল্প সম্পর্ক শিক্ষায়তন, টঞ্জী, গাজীপুর বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানে কর্মরত শ্রমিক-কর্মচারীদের জন্য বাংলাদেশ শ্রম আইন ২০০৬ এর ধারা ৩৪৮ ও ২(৬৫) এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর বিধি ৩৫০ (ছ) অনুযায়ী বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ ও বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ (শিল্প সম্পর্ক, শ্রমিক নিয়োগ ও চাকরীর শর্তাবলী, কর্মঘন্টা ও ছুটি, দুর্ঘটনা জনিত কারণে শ্রমিকের ক্ষতিপূরণ, প্রসূতি কল্যাণ সুবিধা, অসং শ্রম আচরণ, ট্রেড ইউনিয়ন, সিবিএর কার্যক্রম, মানব সম্পদ ব্যবস্থাপনা, পার্টিসিপেশন কমিটি, পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা, শ্রমিকদের আচরণ ও শৃঙ্খলা ইত্যাদি) বিষয়ে ০৫ (পাঁচ) দিনব্যাপী “শ্রম আইন বিষয়ক প্রশিক্ষণ” কোর্স নিয়মিত ভাবে পরিচালনা করে যাচ্ছে।

২-০। “শ্রম আইন বিষয়ক প্রশিক্ষণ” কোর্সের জন্য কোনরূপ কোর্স ফি দিতে হয় না। প্রশিক্ষণে অংশগ্রহনকারী প্রত্যেক প্রশিক্ষণার্থীকে বিধি মোতাবেক এ শিক্ষায়তন হতে প্রতিদিনের উপস্থিতির জন্য ৩০০/- (তিনশত) টাকা হারে প্রশিক্ষণ ভাতা, প্রশিক্ষণার্থীর নাস্তা, প্রশিক্ষণ সামগ্রী (প্রশিক্ষণ ব্যাগ, রাইটিং প্যাড, কলম, ইত্যাদি) এবং প্রশিক্ষণ সমাপ্তিতে সার্টিফিকেট প্রদান করা হয়।

৩-০। আপনার আবেদনের প্রেক্ষিতে আপনার প্রতিষ্ঠানে কর্মরত শ্রমিক/কর্মচারীদের মধ্যে থেকে ৩৫ (পঁয়ত্রিশ) জনকে নিয়ে শ্রম আইন বিষয়ক প্রশিক্ষণ কোর্সটি আপনার প্রতিষ্ঠানের ডেন্যুতে আগামী ০৪-০৫-২০২৫ খ্রিঃ তারিখ হতে ০৮-০৫-২০২৫ খ্রিঃ তারিখ পর্যন্ত সময়ে অত্র শিক্ষায়তন কর্তৃক আয়োজন করা যেতে পারে। কোর্সটি আয়োজন করতে সম্মত হলে সম্মতি পত্রসহ সংযুক্ত ছক মোতাবেক প্রশিক্ষণার্থীদের নামের তালিকা ও অন্যান্য তথ্যাদি আগামী ৩০-০৪-২০২৫ খ্রিঃ তারিখের মধ্যে পত্র মারফত এবং director.iritongi@gmail.com ই-মেইলে (সফটকপি) প্রেরণের জন্য অনুরোধ করা হলো। এ প্রসঙ্গে উল্লেখ্য যে, মনোনীত সকল প্রশিক্ষণার্থীর জীবন বৃত্তান্ত ফরম পুরণের সময় পাসপোর্ট সাইজের ০১ কপি ছবি জমা দেওয়ার জন্য বলা হলো।

সংযুক্তি : প্রশিক্ষণার্থীর তথ্যাদির ছক (Nikosh/Unicode) ফন্টে।



(মোঃ মিজানুর রহমান)
পরিচালক

শিল্প সম্পর্ক শিক্ষায়তন, টঞ্জী, গাজীপুর।

জেনারেল ম্যানেজার
ওয়্যার ম্যাগ লিমিটেড,
কালশী, মিরপুর-১১, ঢাকা।